

# মধ্যরাতে হঠাৎ উত্তাল ঢাকা বিশ্ববিদ্যালয়

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২২:৩৭, ৮ জানুয়ারি ২০২৫



ছবি সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের দাবিতে ফের উত্তাল ঢাকা বিশ্ববিদ্যালয়। বুধবার (৮ জানুয়ারি) দিবাগত রাত ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল থেকে মিছিল বের করেন শিক্ষার্থীরা।

এসময় মিছিলটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনের সামনে গিয়ে অবস্থান করেন। পাশাপাশি শিক্ষার্থীরা দ্রুত ডাকসু নির্বাচনের রোডম্যাপ ঘোষণার দাবি জানান।